

আজকের ভোলা

The Daily Ajker bhola

ভোলা ৷ বৃহস্পতিবার ১৬ ফেব্রুয়ারী ২০১৭ খ্রি: ৷ ০৪ ফাল্গুন ১৪২৩ বাংলা ৷ ১৮ জমাঃআউয়াল ১৪৩৮ হিজরী ৷



ভোলায় ইলিশ সংরক্ষনে সহ-ব্যবস্থাপনা কাঠামো বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

স্টাফ রিপোর্টার ৷

ভোলায় ইলিশ সংরক্ষনের লক্ষ্যে জেলে, মৎস্যজীবী, মৎস্যবিভাগের কর্মকর্তা, কোস্টগার্ড ও স্থানীয় জনপ্রতিনিধিদের নিয়ে 'সহ ব্যবস্থাপনা কাঠামো নির্ধারণ' বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বুধবার

(১৫ ফেব্রুয়ারী) দুপুরে জেলা প্রশাসক সন্মেলন কক্ষে ইউএনএআইডি'র অর্থায়নে ওয়াশফিশ ও মৎস্য অধিদপ্তরের সহযোগীতায় বেসরকারি উন্নয়ন সংস্থা কোস্ট ট্রাস্ট এ কর্মশালায় আয়োজন করে। জেলা মৎস্য কর্মকর্তা মো: রেজাউল করিমের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ভোলার জেলা প্রশাসক মো: সেলিম উদ্দিন। (৪র্থ পাতায় দেখুন)

ভোলায় ইলিশ সংরক্ষনে

উপস্থিত ছিলেন, বরিশাল মৎস্য অধিদপ্তরে উপ-পরিচালক বজলুল রশিদ, অতিরিক্ত জেলা প্রশাসক মাহমুদুল হাসান, সুব্রত কুমার সিকদার, কোস্টগার্ডের অপারেশন অফিসার লে. কমান্ডার সৈয়দ সাজ্জাদুর রহমান; উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদুল ইসলাম, জেলা পরিষদের সদস্য অধ্যক্ষ শাফিয়া ঝাংন, উপজেলা পরিষদের ডাইস চেয়ারম্যান মো: ইউনুস, ইকোফিশ প্রকল্পের টিম লিডার ডা: আবদুল ওহাব। অনুষ্ঠানের উপস্থাপনা করেন, কোস্টট্রাস্টের পরিচালক সনদ কুমার ভৌমিক। প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, ইলিশ সংরক্ষন ও উৎপাদনের লক্ষ্যে সহ ব্যবস্থাপনা কাঠামো একটি উপযোগী কার্যক্রম, ভবিষ্যতে এ কার্যক্রমের আওতায় ইলিশ সংরক্ষন ও উৎপাদন আরো বৃদ্ধি পাবে। তাই কোস্টট্রাস্টের ইকোফিশ প্রকল্পের মত সবাইকে ইলিশ রক্ষায় এক সাথে কাজ করতে হবে। কর্মশালা 'কি করলে ইলিশ রক্ষা হবে' এমন বিষয়ের উপর জেলে ও মৎস্যজীবী, মৎস্য বিভাগ কোস্টগার্ড, চেয়ারম্যান-মেম্বর এবং জেলা প্রশাসনের কর্মকর্তারা চারটি ভাগে বিভক্ত হয়ে পরামর্শ লিবিপবক করেন। অনুষ্ঠানের সার্বিক সহযোগীতায় ছিলেন, ইকোফিশ প্রকল্পের ম্যানেজার টিএস সোহেল মাহমুদ। কর্মশালায় জেলে ও মৎস্যজীবী ছাড়াও জেলা সদরের ইলিশা, শিবপুর, রাজাপুর, ধনিয়া ও কাচিয়া ইউনিয়নের জনপ্রতিনিগন অংশগ্রহন করেন।